ভোরের কাগজ

তারিখ ... JUN. 27 1999
পৃষ্ঠা 2 কলাম 8

468

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশন আজ বসছে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশন আজ রোববার প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত হচ্ছে। এতে ৭৩ কোটি ৭১ লাখ টাকার বাজেট পেশ করবেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক মোঃ শাহাদাত আলী। উপাচার্য এ কে আজাদ চৌধুরী দেশের বাইরে থাকায় তিনি উপ-উপাচার্যের পদ ছাড়াও উপাচার্য এবং কোষাধ্যক্ষের দায়িত্ব পালন করছেন। নিয়ম রক্ষার জন্যই আজ সিনেট অধিবেশন বসছে।

এবারের বাজেটে শতকরা ৩৩ দশমিক ১৮ ভাগ শিক্ষকদের বেতন, ১৮ দশমিক ৫৯ ভাগ কর্মচারীদের বেতন, ১০ দশমিক ১১ ভাগ কর্মকর্তাদের বেতন, পেনসন খাতে ৬ দশমিক ৭৮ ভাগ, শিক্ষা সহায়ক খাতে ১৫ দশমিক ০৫ ভাগ, সাধারণ ও বিবিধ খরচ খাতে ১৬ দশমিক ২৯ ভাগ বরাদ্দ করা হয়েছে।

৭৩ কোটি ৭১ লাখ টাকার বাজেটে ঘাটতি দেখানো হয়েছে ৬ কোটি ৬ লাখ টাকা। বিশ্ববিদ্যালয় বাজেটে মোট ঘাটতি ১০ কোটি ৯২ লাখ টাকা।

অধ্যাপক মোঃ শাহাদাত আলী সিনেট অধিবেশনে সভাপতির দায়িত্ব পালনের পাশাপাশি এ বাজেট পেশ করবেন। এরপরই অধিবেশন ১২ জুলাই পর্যন্ত মুলতবি হয়ে যাবে। বাজেট সম্পর্কে আলোচনাও সেদিনই হবে।

৩০ জুনের মধ্যে বিশ্ববিদ্যালয় বাজেট পেশের নিয়ম রক্ষার জন্য আজ প্রতীকী সিনেট অধিবেশন বসছে।

বাজেট বক্তব্যে উপ-উপাচার্য বিশ্ববিদ্যালয়ের আয় বাড়ানোর সব সাবেক ছাত্রদের নিয়ে এলামনাই গঠনের প্রস্তাব করবেন। তিনি জানান, ডাটাবেজ আকারে এলামনাইদের তালিকা প্রকাশ করা হবে। বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে এ 'ডাটা বেজ' দেওয়া থাকবে। কোনো সাবেক ছাত্র বিশ্ববিদ্যালয় সাহায্য করতে চাইলে এলামনাইয়ের মাধ্যমে তা গ্রহণ করা হবে।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতিমধ্যে এলামনাই এসোসিয়েশনের প্রধান পৃষ্ঠপোষক হতে সম্মত হয়েছেন।

ছাত্র ফেডারেশন ১৮ দফা দাবিতে আজ সিনেট অধিবেশন ঘেরাও করবে বলে গতকাল এক সংবাদ সম্মেলনে জানিয়েছে।